দামুড়হুদা উপজেলায় রোপা আমন ধানের বাম্পার ফলন

দামুড়হুদা উপজেলায় রোপা আমন ধানের বাম্পার ফলন হয়েছে। চলতি রোপা আমন ধান উৎপাদন মৌসুমে ৭ হাজার ৪৫০ হেক্টর জমিতে রোপা আমন চাষের লক্ষমাত্রা নিধার্রণ করা হলেও সেখানে চাষ হয়েছে ৭ হাজার ৫৪১ হেক্টর জমিতে। চলতি মৌসুমে উৎপাদন হয়েছে হেক্টর প্রতি ৫ দশমিক সাড়ে ২ মেট্রিক টন।

গত বছর ৭ হাজার ৪৫০ হেক্টর জমিতে রোপা আমন চাষের লক্ষমাত্রা ধরা হলেও সেখানে ৭ হাজার ৫৪০ হেক্টর জমিতে চাষ হয়। গত মৌসুমে উৎপাদন ৫ দশমিক ২ মেট্রিক টন রোপা আমন ধান উৎপাদন হয়। পরানপুর গ্রামের রাহিম বক্র এর ছেলে মহিদুল ইসলাম বলেন, তার এক বিঘা জমিতে ২০ মন বরো আমন ধান উৎপাদন হয়েছে। একই গ্রামের নবাব আলীর ছেলে হাসান আলীর ৫ বিঘা ধান ছিলো তার বিঘা প্রতি ১৬ মন হারে উৎপাদন হয়েছে। গত বছর হেক্টর প্রতি হাফ মেট্রিক টন ধান উৎপাদন হয়েছিল বলে জানান, দামুড়হুদা কৃষিবিদ কৃষি কর্মকর্তা শারমীন আক্তার।

তিনি আরো জানান, গত বছরের তুলনায় এ বছর বৃষ্টিপাত বেশী হওয়ায় বোরো আমন ধান চাষে কৃষকদের তুলনামূলক সেচ খচর অনেক কম হয়েছে। ফলে এ বছর বোরো আমন ধান চাষ করে কৃষরা গত বছরের তুলনায় বেশ লাভবান হয়েছে।

মুজিবনগরে কৃষকদের মাঝে রোপা আমন ধানের বীজ বিতরণ

মুজিবনগরে কৃষকদের মাঝে রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৫ জুলাই) বেলা সাড়ে ১২টার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে, উপজেলা পরিষদ চত্বরে

২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-২/মৌসুমে রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষে আমন ধান বীজ এবং রাসায়নিক সার বিতরণের উদ্বোধন করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) এবং উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন এর সভাপতিত্বে উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই বীজ বিতরণের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা মাশরুবা আলম, বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য ও প্যানেল চেয়ারম্যান বাবুল মল্লিকসহ উপজেলা কৃষি অফিসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-২/মৌসুমে রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষে কৃষি প্রণোদনার আওতায় উপজেলার ৬ শত কৃষককে ১০ কেজি আমন ধান বীজ ১০ কেজি ডিএপি এবং ১০কেজি এমওপি সার বিতরণ করা হবে।